

**গোপালগঞ্জ সদর উপজেলার “তথ্য অধিকার বাস্তবায়ন ও পরিবীক্ষণ” কমিটির সভার
কার্যবিবরণী**

সভাপতি	: এম. রকিবুল হাসান, উপজেলা নির্বাহী অফিসার, গোপালগঞ্জ সদর
সভার তারিখ	: ২৫.০২.২০২৫ খ্রি.
সভার সময়	: বিকাল ১১.২০ মি:
সভার স্থান	: উপজেলা পরিষদ গোপালগঞ্জ সদর এর কার্যালয়ের কনফারেন্স রুম
সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা	: পরিশিষ্ট-ক


সভাপতি উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতি তথ্য অধিকার আইনের ব্যবহার এবং সঠিক পরিচালনা সংক্রান্ত বিষয়ে পরামর্শ প্রদানের লক্ষ্যে মুক্ত আলোচনার জন্য উপস্থিত সকল সদস্যকে আহ্বান জানান।

উপজেলা প্রাণী সম্পদ অফিসার, গোপালগঞ্জ সদর জানান, তথ্যের অবাধ প্রবাহ এবং জনগণের তথ্য অধিকার নিশ্চিতকরণের লক্ষ্যে “তথ্য অধিকার আইন, ২০০৯” প্রণয়ন করা হয়। সরকারি কর্মকাণ্ডের স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধি এবং দুর্নীতি হ্রাস করে সুশাসন নিশ্চিত করা এ আইনের মূল লক্ষ্য। সে লক্ষ্যে প্রতি দুই মাসে একবার কমিটির সভা অনুষ্ঠানের নির্দেশনা রয়েছে। তথ্য অধিকার আইনের নির্দেশনা বাস্তবায়নের জন্য তিনি সকলকে অনুরোধ করেন।

তথ্য প্রদান সংক্রান্ত কোন কার্যালয়ে আবেদন পেডিং থাকলে তা দ্রুত নিষ্পত্তি করার জন্য সভাপতি সকলকে অনুরোধ করেন। তিনি বলেন, আবেদনকারী কর্তৃক চাহিত তথ্যাদি তথ্য অধিকার আইনের আলোকে প্রদান করতে হবে এবং জনগণের নিরাপত্তা বিদ্বিগ্ন হতে পারে এ ধরনের তথ্য প্রদানে সতর্কতা অবলম্বন করতে হবে। এ সংক্রান্ত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয় :

ক্রঃ নং	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	প্রত্যেক সরকারি অফিসে তথ্য প্রদান করার জন্য একটি রেজিস্টার থাকতে হবে।	উপজেলার সকল দপ্তরের কর্মকর্তা, গোপালগঞ্জ সদর
২.	জনগণের নিরাপত্তা বিদ্বিগ্ন হতে পারে এ ধরনের তথ্য প্রদানে সতর্কতা অবলম্বন করতে হবে।	উপজেলার সকল দপ্তরের কর্মকর্তা, গোপালগঞ্জ সদর
৩	জরুরী ভিত্তিতে উপজেলা পর্যায়ের সকল কার্যালয়ের সিটিজেন চার্টার হালনাগাদ করে অফিসের সামনে দর্শনীয় স্থানে টাঙ্গিয়ে রাখতে হবে। যাতে জনগণ প্রদত্ত সেবা সম্পর্কে সহজে অবহিত হতে পারে।	উপজেলার সকল দপ্তরের কর্মকর্তা, গোপালগঞ্জ সদর
৪	তথ্য অধিকার আইন, ২০০৯ এর আলোকে সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ সরকার কর্তৃক নির্ধারিত ফি রাখতে হবে।	উপজেলার সকল দপ্তরের কর্মকর্তা, গোপালগঞ্জ সদর
৫	উপজেলা পর্যায়ের সকল দপ্তরের সকল কর্মকর্তা, কর্মচারীদের ছবি, নাম, মোবাইল নম্বর ও ই-মেইল নম্বরসহ সকল তথ্য ওয়েবসাইটে হালনাগাদ রাখতে হবে।	১। উপজেলার সকল দপ্তরের কর্মকর্তা, গোপালগঞ্জ সদর ২। সহকারী প্রোগ্রামার, তথ্য ও প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা নির্বাহী অফিসারে কার্যালয়, গোপালগঞ্জ সদর ও সদস্য সচিব, উপজেলা কমিটি বিষয়টি নিশ্চিত করবেন।

অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।




(এম. রকিবুল হাসান)

উপজেলা নির্বাহী অফিসার
গোপালগঞ্জ সদর, গোপালগঞ্জ

ফোন-০২-৪৭৮৮২১১০১

Email:unogopalganj@mopa.gov.bd




তারিখ : ১২ ফাল্গুন, ১৪৩১ বঙ্গাব্দ
২৫ ফেব্রুয়ারি, ২০২৫ খ্রিষ্টাব্দ

স্মারক নং-০৫.৩০.৩৫৩২.০০২.৩২.০০২.২২ - ২২২

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। সচিব, তথ্য কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
- ০২। কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
- ০৩। জেলা প্রশাসক, গোপালগঞ্জ।
- ০৪। সহকারী কমিশনার (ভূমি), গোপালগঞ্জ সদর।
- ০৫। অফিসার ইনচার্জ, গোপালগঞ্জ সদর থানা।
- ০৬। উপজেলা অফিসার/ কর্মকর্তা, গোপালগঞ্জ সদর,
গোপালগঞ্জ।
- ০৭। সহকারী প্রোগ্রামার, তথ্য ও প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা নির্বাহী অফিসারে কার্যালয়, গোপালগঞ্জ সদর ও সদস্য
সচিব, “তথ্য অধিকার বাস্তবায়ন ও পরিবীক্ষণ” উপজেলা কমিটি, গোপালগঞ্জ সদর। তাকে প্রতি দুই মাসে একবার
সভার আয়োজনপূর্বক সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট সকলের বরাবরে প্রেরণ নিশ্চিতকরণের জন্য অনুরোধ করা হলো।
- ০৮। অফিস কপি।



উপজেলা নির্বাহী অফিসার
গোপালগঞ্জ সদর, গোপালগঞ্জ

